দৈনিক সংবাদ

তারিখ 19 SEP 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

19 SEP 1991

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৯৯০ সালের বিএ, বিএসসি ও বিকম পাস এবং সাবসিডিয়ারী পরীক্ষার ফলাফল গতকাল ঘোষণা করেছেন।

বিএ পরীক্ষায় ৫০৩২০ জন পরীক্ষার্থীর মধ্যে ২১ জন প্রথম বিভাগে, ৫৪৪৫ জন দ্বিতীয় এবং ৯২২২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। পাসের হার ২৯ দশমিক ১৯ শতাংশে।

বিএসসি পরীক্ষায় ৮২৪৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৯ জন প্রথম বিভাগে, ১৬৯৮ জন দ্বিতীয় এবং ১৬২২ জন তৃতীয় বিভাগে কৃতকার্য হয়েছেন। পাসের হার ৪০ দশমিক ৮৭ শতাংশে।

ডিগ্রী পরীক্ষা ঃ পৃঃ ১২ কঃ ২

# ১৮টি কলেজ থেকে কেউ পাস করেনি

(নিজস্ব বার্তা পরিবেশক)

বি, কম পরীক্ষায় ১৬টি ও বিএ পরীক্ষায় ২টি কলেজ থেকে কেউ পাস করেননি। কলেজগুলো হচ্ছে ঃ বরগুনা সরকারী কলেজ, বরগুনা; বরগুনা সরকারী মহিলা মহাবিদ্যালয়, বরগুনা; আগৈলঝড়া কলেজ, আগৈলঝড়া, বরিশাল; শেরে বাংলা ফজলুল হক কলেজ, বিনয়কাঠি; নলছিটি ডিগ্রী কলেজ, ঝালকাঠি; হেমায়েত উদ্দিন কলেজ, গুয়াইন; কালকিনি কলেজ, মাদারীপুর; মুকসুদপুর কলেজ, মুকসুদপুর; বিসিআরজি কলেজ, পাকুটিয়া; হেমনগর কলেজ, হেমনগর

কলেজ ঃ পৃঃ ১২ কঃ ২

## ডিগ্রী পরীক্ষা ঃ ফল প্রকাশ

(১ম পাতার পর)

বিএসসি গার্হস্থ্য অর্থনীতিতে ১৫ জন প্রথম বিভাগে এবং ২৪ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। পাসের হার ১৭ দশমিক ৫০ শতাংশে।

বিকম-এ ১০৬৭৮ জন পরীক্ষার্থীর মধ্যে ২ জন প্রথম বিভাগে, ১০৭৮ জন দ্বিতীয় এবং ৩২৪০ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। পাসের হার ৪০ দশমিক ৪৫ শতাংশে।

বিএ সাবসিডিয়ারীতে ৩৭০৩ জন পরীক্ষার্থীর মধ্যে ২৫৫৪ জন কৃতকার্য হয়েছেন। পাসের হার ৬৯ শতাংশে। বিকম সাবসিডিয়ারীতে ২৬৯৩ জনের মধ্যে ৬০১ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার ২২ দশমিক ৩০ শতাংশে। বিএসসি সাবসিডিয়ারীতে ৩১৬০ জনের মধ্যে ৯২২ জন কৃতকার্য হয়েছেন। পাসের হার ২৯ দশমিক ২০ শতাংশে।

## কলেজ ঃ কেউ পাস করেনি

(১ম পাতার পর)

নজরুল কলেজ, ত্রিশাল, ময়মনসিংহ; শহীদ স্মৃতি সরকারী কলেজ, মুক্তাগাছা; আলমগীর মনসুর মেমোরিয়াল কলেজ, ময়মনসিংহ; সুসঙ্গ স্নাতক মহাবিদ্যালয়; সিংগাইর কলেজ, সিঙ্গাইর; মাধবদী মহাবিদ্যালয় এবং হাফেজ জিয়াউর রহমান কলেজ ও বংগবাসী কলেজ, ঢাকা।

18